# নিয়োগ বিজ্ঞপ্তি

**ঢাকা বিশ্ববিদ্যালয় ঃ-** বিধি মোতাবেক প্রদেয় ভাতাদিসহ ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু)-এর শূন্য সহকারী ক্যামেরাম্যান পদের নামের পার্শ্বে উল্লেখিত বেতন স্কেল, গ্রেড, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার ভিত্তিতে লোক নিয়োগের জন্য আগ্রহী বাংলাদেশী নাগরিকদের নিকট হইতে দরখাস্ত আহবান করা যাইতেছে ঃ-

| পদের নাম, বেতন স্কেল ও গ্রেড | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|
| সহকারী ক্যামেরাম্যান টা. ৯,৩০০-২২,৪৯০/- বেতন স্কেল (জাতীয়.বেতন স্কেল-২০১৫) গ্রেড-১৬তম | ০১ (এক) টি | প্রার্থীকে ন্যূনতম দ্বিতীয় শ্রেণি/ সিজিপিএ ৪ স্কেলে ২.৭৫ সহ স্নাতক/সমমান পাস হইতে হইবে । প্রার্থীর শিক্ষাজীবনের কোনো পর্যায়ে ২য় বিভাগ/ জিপিএ-৩.০০ (৫.০০ স্কেলে) এবং ২য় শ্রেণি/সিজিপিএ-২.৭৫ (৪.০০ স্কেলে)-এর নীচে গ্রহণযোগ্য নয়। প্রার্থীকে সরকারি বা সরকার অনুমোদিত প্রতিষ্ঠান থেকে কমপক্ষে ০৬(ছয়) মাসের কম্পিউটার প্রশিক্ষণসহ কম্পিউটার পরিচালনায় দক্ষ হইতে হইবে। প্রার্থীকে সরকার অনুমোদিত কোনো শিক্ষা প্রতিষ্ঠান থেকে ফটোগ্রাফার-এর উপর ৬(ছয়) মাসের ট্রেডকোর্স পাস হইতে হইবে। ভিডিও এবং ছবি এডিটিং-এর উপর অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া যাইতে পারে। অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে যে কোনো একটি শর্ত শিথিলযোগ্য। |

আবেদনকারীকে অবশ্যই আবেদনপত্রে তাহার শিক্ষাগত যোগ্যতার সকল সার্টিফিকেট ও ডিগ্রি উল্লেখ করিতে হইবে। এরূপ কোন তথ্য গোপন বা উল্লেখ না করিলে ভবিষ্যতে তাহার পরীক্ষা পাশের সার্টিফিকেট নথিতে সংযুক্ত করা হইবে না এবং বিধি অনুযায়ী প্রশাসনিক ব্যবস্থা নেওয়া হইবে। ইহাছাড়াও পদোন্নতি নীতিমালায় বর্ণিত পয়েন্ট সুবিধা প্রদান করা হইবে না।

রেজিস্ট্রারের অনুকূলে প্রদেয় ৩০০/- (তিনশত) টাকা মূল্যমানের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (পোষ্টাল অর্ডার গ্রহণযোগ্য নয়) এবং সকল পরীক্ষা পাসের সার্টিফিকেট ও প্রশংসাপত্রের সত্যায়িত প্রতিলিপিসহ সাদা কাগজে প্রয়োজনীয় তথ্যাদি উল্লেখ পূর্বক রেজিস্ট্রারের বরাবরে লিখিত দরখাস্ত আগামী ০৪-১১-২০২৫ খ্রীস্টাব্দ/ ১৯-০৭-১৪৩২ বঙ্গাব্দ তারিখের মধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু) অফিসে পৌঁছাইতে হইবে। চাকরিরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত দাখিল করিতে হইবে।